

L-20/2/25

২০২৪

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(প্রবন্ধ নিবন্ধের রূপভেদ, জীবনী, প্রবন্ধ পাঠ)

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $2 \times 10 = 20$

- ক) 'কমলাকান্তের দপ্তর' কার, কোন্ গ্রন্থের অনুসরণে লেখা?
- খ) পত্রসাহিত্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
- গ) রম্যরচনার সংজ্ঞা ও দুটি সার্থক রম্যরচনার নাম লেখো।
- ঘ) দুটি সার্থক পত্রসাহিত্যের নাম লেখো।
- ঙ) 'আমার জীবন' গ্রন্থটির প্রস্তাবনা অংশটি কে কবে লেখেন?
- চ) 'একা' প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত? এটি কবে কোথায় প্রকাশিত হয়?

- ছ) উদাহরণসহ ভ্রমণসাহিত্যের সংজ্ঞা লেখো।
- জ) 'আমি ঐ কড়ি আনিয়া নানাবিধ জিনিস তৈয়ার করিতে আরম্ভ করিলাম।' — কে কড়ি দিয়ে কী কী জিনিস বানিয়েছিলেন?
- ঝ) 'মনুষ্যফল' প্রবন্ধে লেখক মানুষকে কিসের সঙ্গে তুলনা করেছেন?
- ঞ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির প্রবন্ধগুলি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়?
- ট) 'উনি একটি সোহাগের আরসী' - কে কাকে কথটি বলেছে? কথটির অর্থ কী?
- ঠ) 'আমার মন' প্রবন্ধের কয়টি অংশ ও কী কী?
- ড) রাসসুন্দরী দেবীর স্কুল শিক্ষা কীভাবে শুরু হয় লেখো।
- ঢ) 'সদ্য গাছ হইতে পাড়িয়া এ ফল খাইতে নাই' — কোন গ্রন্থে কোন ফলের কথা বলা হয়েছে?
- ণ) সার্থক জীবনী সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ক) 'দেখতে এসে ভবের খেলা, দেখি সব মেলা খেলা / মনোহারী দোকান খোলা' — কোন্ প্রসঙ্গে কেন একথা বলেছেন আলোচনা করো।
- খ) একটি সার্থক ভ্রমণসাহিত্যের অবলম্বনে ভ্রমণসাহিত্যের স্বরূপ-বৈশিষ্ট্য আলোচনা করো।
- গ) 'একা' প্রবন্ধে লেখক যে একাকীত্বের যন্ত্রণা ব্যক্ত করেছেন তা আলোচনা করো।

- ঘ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবীর জীবন অবলম্বনে তৎকালীন নারীসমাজের চিত্র বর্ণনা করো।
- ঙ) 'মনুষ্যসকল ফলবিশেষ — মায়াবৃক্ষে সংসারবৃক্ষে ঝুলিয়া রহিয়াছে' — কমলাকান্ত কীভাবে মনুষ্যকে ফলের সঙ্গে তুলনা করেছেন - আলোচনা করো।
- চ) ডায়েরির সংজ্ঞাসহ একটি সার্থক বাংলা ডায়েরির আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) 'আত্মজীবনীমূলক গ্রন্থরূপে 'আমার জীবন' কতখানি সার্থক আলোচনা করো।
- খ) রম্যরচনা বলতে কী বোঝায়? একটি সার্থক রম্যরচনা উদাহরণসহ বিশ্লেষণ করো।
- গ) পত্রসাহিত্য ও ডায়েরির পার্থক্য নির্দেশ করো।
- ঘ) প্রবন্ধের সংজ্ঞাসহ শ্রেণীবৈশিষ্ট্য আলোচনা করো।